জরুরী

"কৃষিই সমৃদ্ধি"

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

**কৃষি ভবন**

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

(সাধারণ পরিচর্যা বিভাগ)

website www.badc.gov.bd

স্মারক নং- ১২.০৬.০০০.২০৬.৯৯.০০১.১৮-১৬৬৯২

তারিখ: ২২ মাঘ, ১৪২৪ / ০৪ ফেব্রুয়ারি, ২০১৮

**বিষয়: মহিলা কর্মকর্তাদের অফিসে পরিধেয় আনুষ্ঠানিক ও দাপ্তরিক ড্রেস কোড সংক্রান্ত নির্দেশনা।**

সূত্র: ১। কৃষি মন্ত্রণালয়ের প্রশাসন-২ অধিশাখা স্মারক নং ১৪৮, তারিখ: ২৮ জানুয়ারি, ২০১৮।

২। বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় এর সচিব মহোদয়ের আধাসরকারি পত্র নম্বর ১৫৩, তারিখ ১৫ জানুয়ারি, ২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, কৃষি মন্ত্রণালয়ের কর্তৃক প্রেরিত বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় এর সচিব মহোদয়ের আধাসরকারি পত্রের সাথে সংযুক্ত মহিলা কর্মকর্তাদের অফিসে পরিধেয় আনুষ্ঠানিক ও দাপ্তরিক ড্রেস কোড জরিপ সংক্রান্ত প্রশ্ন ও উত্তরপত্রটি ১ম-৯ম গ্রেডের কর্মকর্তাদের অংশগ্রহণের মাধ্যমে পূরণপূর্বক প্রতিবেদনসহ আগামী ০৫ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে মধ্যে সাধারণ পরিচর্যা বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

(মোহাম্মদ জাকিরুল ইসলাম)
পরিচিতি নম্বর-০১০০২৬
যুগ্মসচিব
সাধারণ পরিচর্যা বিভাগ
বিএডিসি, ঢাকা।
ফোন: ০২-৯৫৫১৭১১
ই-মেইল: js_cs@badc.gov.bd

**বিতরণ (কার্যার্থে) :**

১. ............................................................ বিএডিসি, ঢাকা।
(সকল বিভাগীয় প্রধান/প্রকল্প পরিচালক)

২. উপপ্রধান (মনিটরিং) ও আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

**অনুলিপি :**

১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।

২. সচিব মহোদয়ের এর সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা

৩. অফিস কপি/ মাস্টার ফাইল।

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
www.moa.gov.bd

স্মারক : ১২.০০.০০০০.০২০.৯৯.০২৫.১৭.১৪৮ তারিখ: ১৫ মাঘ ১৪২৪ / ২৮ জানুয়ারি ২০১৮

**বিষয়: মহিলা কর্মকর্তাদের অফিসে পরিধেয় আনুষ্ঠানিক ও দাপ্তরিক ড্রেস কোড সংক্রান্ত নির্দেশনা।**

সূত্র: বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় এর সচিব মহোদয়ের আধাসরকারি পত্র নম্বর: ৮০.০৫.০০০০.৯০১.৩৬.০০৩.১৭-১৫৩, তারিখ: ১৫ জানুয়ারি ২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের সচিব মহোদয় কর্তৃক কৃষি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয় বরাবরে লিখিত আধাসরকারি পত্রের ফটোকপি এ সাথে প্রেরণ করা হলো।

০২। সংযুক্ত প্রশ্নপত্রের আলোকে আগামী ০৫ ফেব্রুয়ারি ২০১৮ তারিখের মধ্যে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০৪ (চার) ফর্দ।

সুব্রত ভৌমিক
উপসচিব (প্রতিকল্প)
ফোন: ৯৫৪০১২৬
e-mail: dsadmin2@moa.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ/পিপিসি/নিরীক্ষা/সম্প্রসারণ/গবেষণা)/মহাপরিচালক (বীজ উইং), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। যুগ্মসচিব (প্রশাসন/এফএমএম/উপকরণ/পিপিবি/ সম্প্রসারণ/নিরীক্ষা/আইসি/বাজেট ও মনিটরিং)/ যুগ্মপ্রধান (পরিকল্পনা), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। উপসচিব (সকল), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। উপপ্রধান (সকল), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। উপপরিচালক, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান (সকল), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। অতিরিক্ত উপপরিচালক, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৯। উপপ্রধান (কৃষি অর্থনীতিবিদ), এফএমএম শাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। প্রধান বীজতত্ত্ববিদ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

চলমান পাতা-০২

১২। কৃষি অর্থনীতিবিদ, এফএমএম শাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৩। সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৪। সহকারী বীজতত্ত্ববিদ-১/২, গবেষণা কর্মকর্তা-১/২, পরিসংখ্যান কর্মকর্তা/পরিদর্শন কর্মকর্তা/হিসাব রক্ষণ কর্মকর্তা/ লাইব্রেরীয়ান, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিতরণ (দপ্তর/সংস্থা) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১৭. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, দিলকুশা বা/এ, ঢাকা।
১৮. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা।
১৯. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
২০. মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
২১. মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
২২. মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
২৩. মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিকমিয়া এভিনিউ, ঢাকা।
২৪. মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, বাকৃবি চত্ত্বর, ময়মনসিংহ।
২৫. মহাপরিচালক, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা।
২৬. মহাপরিচালক, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমী, জয়দেবপুর, গাজীপুর।
২৭. নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
২৮. নির্বাহী পরিচালক, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, মানিকমিয়া এভিনিউ, ঢাকা।
২৯. নির্বাহী পরিচালক, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, বহরমপুর, রাজশাহী।
৩০. পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ফার্মগেট, ঢাকা।
৩১. পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা.
৩২. পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, জয়দেবপুর, গাজীপুর।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ( সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

সচিব
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফোন ঃ ৫৫০০৬৬২২
ই-মেইল ঃ secretary@bpsc.gov.bd

আধাসরকারি পত্র নং-৮০.০০.০০০০.৯০১.৩৬.০০৩.১৭-১৫৩ তারিখ: জানুয়ারি ২০১৮

প্রিয় মহোদয়,

শুভেচ্ছা জানবেন। আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, বাংলাদেশ সিভিল সার্ভিসে পুরুষ কর্মকর্তাদের জন্য আনুষ্ঠানিক ও দাপ্তরিক ড্রেস কোড নির্ধারিত আছে। পরবর্তীতে মহিলা কর্মকর্তারা সিভিল সার্ভিসে যোগদান করলেও তাঁদের ড্রেস কোডের বিষয়ে আনুষ্ঠানিকভাবে সুনির্দিষ্ট কোন নির্দেশনা প্রদান করা হয়নি। সিভিল সার্ভিসে মহিলা কর্মকর্তাদের জন্য রাষ্ট্রীয় বা সরকারী অনুষ্ঠানের আনুষ্ঠানিক এবং দৈনন্দিন দাপ্তরিক পোষাক সম্পর্কিত কোন নির্দেশনা না থাকায় বিভিন্ন ক্ষেত্রে পরিধেয় পোষাক সম্পর্কে তাঁরা অনেক সময় দ্বিধান্বিত থাকেন। এ কারণে ইদানিং তাঁদের পোষাকে বিভিন্ন ধারা লক্ষ্য করা যায় এবং কখনো কখনো তা মানানসইও হয়না।

বর্ণিত প্রেক্ষাপটে কর্মক্ষেত্রে মহিলা কর্মকর্তার ব্যক্তিত্ব, পরিচিতি ও পেশাদারিত্বের যথাযথ প্রতিফলনের লক্ষ্যে তাঁদের সুনির্দিষ্ট আনুষ্ঠানিক এবং দৈনন্দিন দাপ্তরিক পোষাক থাকা প্রয়োজন কিনা, সে বিষয়ে অভিমত যাচাই করা একন্ত জরুরী। এ অভিপ্রায় থেকেই বিসিএস উইমেন নেটওয়ার্ক এর উদ্যোগে প্রশ্নোত্তর পদ্ধতিতে একটি জরিপ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। জরিপ কার্যক্রমে Target Population হিসেবে বাংলাদেশ সিভিল সার্ভিসে কর্মরত মহিলা ও পুরুষ কর্মকর্তা নির্ধারণ করা হয়েছে। ইতোমধ্যে ১,২৪৫ জন কর্মকর্তার মধ্যে এ জরিপ সম্পন্ন করা হয়েছে। কিন্তু জরিপ কাজের ধারণাপত্র [(Concept paper, সংযুক্তি-১)] অনুযায়ী কর্মক্ষেত্রে মহিলা কর্মকর্তার ব্যক্তিত্ব, পরিচিতি ও পেশাদারিত্বের যথাযথ প্রতিফলনের লক্ষ্যে তাঁদের সুনির্দিষ্ট আনুষ্ঠানিক এবং দৈনন্দিন দাপ্তরিক পোষাক নির্ধারণের ক্ষেত্রে মন্ত্রণালয়/বিভাগের ১ম-২য় গ্রেডের কর্মকর্তাগণের অভিমত প্রয়োজন।

আপনার সুযোগ্য নেতৃত্বে সরকারের বিভিন্ন নীতিগত সিদ্ধান্ত গ্রহণ ও কর্ম পরিকল্পনা বাস্তবায়িত হচ্ছে। এই জরিপ কার্যক্রমটি সাফল্যমন্ডিত করার জন্য আপনার এবং আপনার মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার ১ম এবং ২য় গ্রেডের কর্মকর্তাদের মতামতসহ অন্যান্যদের মতামত একান্ত অপরিহার্য। বিসিএস উইমেন নেটওয়ার্ক পরিচালিত এ জরিপে উল্লিখিত কর্মকর্তাদের অংশগ্রহণ নিশ্চিত করার বিষয়ে আপনার ব্যক্তিগত সহযোগিতা আশা করছি।

আন্তরিকভাবে আপনার

২৫.০৭.২০১৮

জনাব মোহাম্মদ মঈনউদ্দিন আবদুল্লাহ
সিনিয়র সচিব
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

| অতিরিক্ত সচিব প্রশাসন ও উপকরণ অনুবিভাগ | |
|---|---|
| যুগ্ম-সচিব (প্রশাঃ) | যুগ্ম-সচিব (উপঃ) |
| উপ-সচিব (সেবা) | উপ-সচিব (আইন) |
| উপ-সচিব (প্র-৩) | উপ-সচিব (উপ-১) |
| উপ-সচিব (প্র-৪) | যুগ্ম-সচিব (FMM) |
| উপ-সচিব (প্র-৫) | যুগ্ম-সচিব (বা/মনি) |
| ব্যক্তিগত কর্মকর্তা | অন্যান্য |
| নম্বরঃ ৪৩৯ | |
| তারিখঃ ১৭/৭/১৮ | স্বাক্ষর |

পত্র প্রাপ্তির তারিখ ২২.০৭.১৮
উপস্থাপনের তারিখ ২২.০৭.১৮

| |
|---|
| (আকৃষ্ট) যুগ্মসচিব (প্রশাসন) এর দপ্তর |
| প্রশাসন-১ শাখা |
| প্রশাসন-২ অধিশাখা |
| প্রশাসন-৩ অধিশাখা |
| প্রশাসন-৫ অধিশাখা |
| আইন অধিশাখা |
| আইসিটি সেল |
| হিসাব রক্ষণ কর্মকর্তা |
| অন্যান্য শাখা |
| ব্যক্তিগত কর্মকর্তা |
| নম্বরঃ ২৭৭ |
| তারিখঃ ২৪/৭/১৮ |

ড্রেসকোড প্রসঙ্গে
বিসিএস উইমেন নেটওয়ার্ক

## বাংলাদেশ সিভিল সার্ভিসে কর্মরত মহিলা কর্মকর্তাদের রাষ্ট্রীয় বা সরকারি অনুষ্ঠান এবং দৈনন্দিন দাপ্তরিক পোষাক সম্পর্কিত ধারণা পত্র (Concept paper)।

**প্রেক্ষাপটঃ**

আবহমানকাল থেকে বাংলাদেশের জনগণ ঐতিহ্যগতভাবে ধর্মীয় মূল্যবোধের পাশাপাশি অগ্রসর চিন্তা চেতনাকে ধারন ও লালন করে আসছে। ব্রিটিশ বিরোধী আন্দোলন, ভাষা আন্দোলন, স্বাধীনতা সংগ্রামসহ সকল সামাজিক আন্দোলনে নারী পুরুষ সক্রিয় ভূমিকা রেখেছে। সংস্কৃতি ও ঐতিহ্যের ধারা বাহিকতায় বাংলাদেশের জনগণ ধর্মনিরপেক্ষতা, পরমতসহিষ্ণুতা ও সহমর্মিতার মূল্যবোধে লালিত। বাংলাদেশের উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের জন্য নারী পুরুষের সম্মিলিত অংশগ্রহণ নিশ্চিত করতে সরকার বদ্ধপরিকর।

ইতিহাস পর্যালোচনায় দেখা যায় যে, সিভিল সার্ভিসে পুরুষ কর্মকর্তাদের জন্য আনুষ্ঠানিক ও দাপ্তরিক ড্রেস কোড নির্ধারিত আছে। পরবর্তীতে মহিলা কর্মকর্তারা সিভিল সার্ভিসে যোগদান করলেও তাঁদের ড্রেস কোডের বিষয়ে আনুষ্ঠানিকভাবে সুনির্দিষ্ট কোন নির্দেশনা প্রদান করা হয়নি। বাংলাদেশ সিভিল সার্ভিসে তাঁদের সংখ্যা প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে। সিভিল সার্ভিসে মহিলা কর্মকর্তাদের জন্য রাষ্ট্রীয় বা সরকারী অনুষ্ঠানের আনুষ্ঠানিক এবং দৈনন্দিন দাপ্তরিক পোষাক সম্পর্কিত কোন নির্দেশনা না থাকায় বিভিন্ন ক্ষেত্রে পরিধেয় পোষাক সম্পর্কে তাঁরা অনেক সময় দ্বিধান্বিত থাকেন। এ কারণে ইদানিং তাঁদের পোষাকে বিভিন্ন ধারা লক্ষ্য করা যায়। সরকারী দপ্তরে মহিলা কর্মকর্তাদের জন্য নির্দিস্ট ড্রেস কোড না থাকায় ব্যক্তিগত রুচি অনুসারে তাঁরা পোষাক পরিধান করে থাকেন। এতে করে অনেক সময় কর্মকর্তাদের ব্যক্তিত্ব, পরিচিতি ও পেশাদারিত্ব যথাযথভাবে প্রতিফলিত হয়না। উলেখ্য যে ইতোমধ্যে বিভিন্ন বাহিনীতে এবং পুলিশ সার্ভিসে বেশ কিছু মহিলা কর্মকর্তা যোগদান করেছেন এবং তাঁরা বাহিনীর ও সার্ভিসের নির্ধারিত পোষাক (uniform) পরিধান করছেন।

**উদ্দেশ্যঃ**

বর্তমানে মহিলা কর্মকর্তারা সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর এবং মাঠ পর্যায়ে গুরুত্বপূর্ন পদে দায়িত্ব পালন করছেন এবং অনেক ক্ষেত্রেই সরকারকে প্রতিনিধিত্ব করছেন। তদুপরি সরকারের বিভিন্ন নীতিগত সিদ্ধান্ত ও কর্মপরিকল্পনা বাস্তবায়ন করছেন। এ প্রেক্ষাপটে কর্মক্ষেত্রে তাদের ব্যক্তিত্ব, পরিচিতি ও পেশাদারিত্ব যাতে সঠিকভাবে প্রতিফলিত হয়, সেজন্য মহিলা কর্মকর্তাদের সুনির্দিষ্ট আনুষ্ঠানিক এবং দৈনন্দিন দাপ্তরিক পোষাক থাকা সমীচীন কিনা, সে বিষয়ে অভিমত যাচাই করা প্রয়োজন। এ অভিপ্রায়ে বিসিএস উইমেন নেটওয়ার্ক একটি জরিপ কার্যক্রম পরিচালনা করার উদ্যোগ গ্রহণ করেছে।

এ জরিপ কার্যক্রম প্রশ্নোত্তর (Questionnaire method) পদ্ধতিতে পরিচালনা করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। জরিপ কার্যক্রমে Target Population হিসেবে বাংলাদেশ সিভিল সার্ভিসে কর্মরত পুরুষ ও মহিলা কর্মকর্তা নির্ধারণ করা হয়েছে। Target Population এর বর্তমান বেতন স্কেলের ভিত্তিতে ক্যাটাগরী নির্ধারণ করা হয়েছে, যা নিম্নরূপঃ

(১) সিনিয়র পর্যায়ের পুরুষ ও মহিলা কর্মকর্তা - ১ম ও ২য় গ্রেড।
(২) মধ্যম পর্যায়ের পুরুষ ও মহিলা কর্মকর্তা- ৫ম গ্রেড হতে ৩য় গ্রেড পর্যন্ত।
(৩) জুনিয়র পর্যায়ের পুরুষ ও মহিলা কর্মকর্তা- ৯ম গ্রেড হতে ৬ষ্ঠ গ্রেড পর্যন্ত।

উল্লিখিত Target Population এর তিন স্তর হতে ৫০% Population Sample নিম্নোক্তভাবে নেয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে:

(১) সিনিয়র পর্যায়ের সকল মহিলা কর্মকর্তা ও অবশিষ্ট সংখ্যা পুরুষ কর্মকর্তা।
(২) মধ্যম পর্যায়ের ৭০% মহিলা ৩০% পুরুষ
(৩) জুনিয়র পর্যায়ের ৬৫% মহিলা ও ৩৫% পুরুষ

**জরিপের অধিক্ষেত্রঃ**

উপজেলা, জেলা , বিভাগ ও মেট্রোপলিটন এলাকা।

## মহিলা কর্মকর্তাদের ড্রেসকোড নির্ধারণ বিষয়ক জরিপ:

জরিপে অংশগ্রহণকারী কর্মকর্তাঃ পুরুষ ☐ মহিলা ☐

(১) মহিলা কর্মকর্তাদের পেশাদারিত্ব ও ব্যক্তিত্ব প্রকাশের ক্ষেত্রে পোষাকের ভূমিকা আছে বলে আপনি মনে করেন কি?

(ক) হ্যাঁ
(খ) না
(গ) নিরপেক্ষ

(২) মহিলা কর্মকর্তাদের জন্য একটি নির্দিষ্ট "ড্রেসকোড" থাকা প্রয়োজন মনে করেন কিনা?

(ক) হ্যাঁ
(খ) না
(গ) নিরপেক্ষ

(৩) পেশাদারিত্ব ও ব্যক্তিত্বের সমন্বিত প্রকাশের জন্য মহিলা কর্মকর্তাদের কি ধরনের পোষাক পরিধান করা সমীচীন বলে মনে করেন?

(ক) হালকা রঙ
(খ) উজ্জল মার্জিত রঙ
(গ) উৎকট ঝলমলে রঙের পোষাক
(ঘ) অন্য কোন মতামত.............................

(৪) আনুষ্ঠানিক পোষাক নির্দিষ্ট হওয়া সমীচীন বলে মনে করেন কি'না?

(ক) হ্যাঁ
(খ) না
(গ) নিরপেক্ষ

(৫) আনুষ্ঠানিক পোষাক কোনটি হতে পারে বলে আপনি মনে করেন?

(ক) শাড়ি
(খ) সালোয়ার-কামিজ
(গ) শার্ট-ট্রাউজার
(ঘ) অন্য কোন মতামত...........................

(৬) দৈনন্দিন দাপ্তরিক পোষাক নির্দিষ্ট হওয়া সমীচীন কি'না?

(ক) হ্যাঁ
(খ) না
(গ) নিরপেক্ষ

(৭) উত্তর হ্যাঁ হলে দৈনন্দিন দাপ্তরিক পোষাক কোনটি হতে পারে?

(ক) শাড়ি
(খ) সালোয়ার-কামিজ
(গ) 'ক' এবং 'খ' উভয়
(ঘ) শার্ট-ট্রাউজার
(ঙ) অন্য কোন মতামত.........................

(৮) মাঠ পর্যায়সহ বিভিন্ন দপ্তরের দপ্তর প্রধানদের আনুষ্ঠানিক পোষাক নির্দিষ্ট হওয়া সমীচীন কিনা ?
- (ক) হ্যাঁ
- (খ) না
- (গ) নিরপেক্ষ

(৯) উত্তর হ্যাঁ হলে আনুষ্ঠানিক পোষাক কি হতে পারে?
- (ক) শাড়ি
- (খ) সালোয়ার-কামিজ
- (গ) অন্য কোন মতামত......................

(১০) মাঠ পর্যায়সহ বিভিন্ন দপ্তরের দপ্তর প্রধানদের দৈনন্দিন দাপ্তরিক পোষাক নির্দিষ্ট করা সমীচীন হবে কি'না?
- (ক) হ্যাঁ
- (খ) না
- (গ) নিরপেক্ষ

(১১) উত্তর হ্যাঁ হলে পোষাক কি ধরণের হতে পারে?
- (ক) শাড়ি
- (খ) সালোয়ার-কামিজ
- (গ) অন্য কোন মতামত থাকলে.......................

(১২) জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী কর্মকর্তাদের এবং দপ্তর প্রধানদের আনুষ্ঠানিক পোষাকের ধরণ নির্দিষ্ট হওয়া সমীচীন বলে আপনি মনে করেন কিনা?
- (ক) হ্যাঁ
- (খ) না
- (গ) নিরপেক্ষ

(১৩) উত্তর হ্যাঁ হলে জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী কর্মকর্তাদের এবং দপ্তর প্রধানদের আনুষ্ঠানিক পোষাক কোন্ ধরণের হতে পারে বলে আপনি মনে করেন?
- (ক) শাড়ি
- (খ) সালোয়ার-কামিজ
- (গ) অন্য কোন মতামত.......................................

(১৪) জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী কর্মকর্তাদের দৈনন্দিন দাপ্তরিক পোষাক নির্দিষ্ট ধরণের হওয়া সমীচীন বলে আপনি মনে করেন কিনা?
- (ক) হ্যাঁ
- (খ) না
- (গ) নিরপেক্ষ

(১৫) উত্তর হ্যাঁ হলে জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী কর্মকর্তাদের দৈনন্দিন দাপ্তরিক পোষাক কোন্ ধরণের হতে পারে বলে আপনি মনে করেন?
- (ক) শাড়ি
- (খ) সালোয়ার-কামিজ
- (গ) অন্য কোন মতামত.....................

(১৬) দৈনন্দিন পোষাকের সাথে পরিশীলিত মাত্রায় অলংকারের ব্যবহার সমীচীন বলে মনে করেন কিনা ?

(ক) হ্যাঁ
(খ) না
(গ) নিরপেক্ষ

(১৭) আপনি কি নিরাপদ বোধ থেকে হিজাব পরিধান করেন/কখনও করেছেন কি?

(ক) হ্যাঁ
(খ) না
(গ) নিরপেক্ষ
(ঘ) প্রযোজ্য নয়

(১৮) উত্তর হ্যাঁ হলে কোন বিবেচনা থেকে তা করেন/করেছেন— এ সম্পর্কে আপনার মতামত দিন।

(১৯) আপনি নিম্নবর্ণিত কোন্ গ্রেডের অর্ন্তভুক্ত কর্মকর্তা

(ক) ১ম ও ২য় গ্রেড।
(খ) ৫ম গ্রেড হতে ৩য় গ্রেড পর্যন্ত।
(গ) ৯ম গ্রেড হতে ৬ষ্ঠ গ্রেড পর্যন্ত।

(২০) আপনি কোন পেশায় কর্মরত?

(ক) ডাক্তার
(খ) প্রকৌশলী
(গ) শিক্ষক
(ঘ) জন প্রশাসন
(ঙ) অন্য কোন পেশা......................

(২১) উত্তর দাতার নাম :
পদবী :
অফিসের নাম :
ফোন :
মোবাইল :
ই-মেইল :

**বি: দ্র: নাম, ফোন ও ই-মেইল পূরণ করা বাধ্যতামূলক নয়**